



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/15/2021

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো একক ডোজ টিকাকরণের 70% পৌঁছানোর স্বীকৃতিস্বরূপ রাজ্যের ল্যান্ডমার্কগুলি নীল এবং সোনালি রঙে আলোকিত করার এবং রাজ্য জুড়ে আতসবাজি প্রদর্শনের ঘোষণা করেছেন

13-টি রাজ্যের ল্যান্ডমার্ক নীল এবং সোনালি রঙে আলোকিত করা হবে

আতসবাজির প্রদর্শনি রাত 9:15 এ শুরু হবে রাজ্য জুড়ে COVID-19 এর মাইলফলকে পৌঁছানোর উদযাপন স্বরূপ

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে 15 জুন নিউ ইয়র্কের 70 শতাংশ প্রাপ্তবয়স্কদের COVID-19 টিকার প্রথম ডোজ পাওয়ার উদযাপন হিসেবে রাজ্য জুড়ে ল্যান্ডমার্কগুলি নীল এবং সোনালি আলায় আলোকিত করা হবে। এই আলোকসজ্জা ছাড়াও, রাত 9:15 থেকে শুরু করে রাজ্য জুড়ে দশটি সাইটে আতসবাজির প্রদর্শনের আয়োজন করা হবে।

"472 দিন আগে, এটা বোঝা অসম্ভব ছিল যে নিউ ইয়র্কের 70 শতাংশ প্রাপ্তবয়স্ক এই সময়ের মধ্যে তাদের প্রথম COVID টিকা পেয়ে যাবেন। যা মনে হয়েছিল বেশ কিছু বছর লাগবে, তা এক বছরের কম সময়ে সম্পন্ন করা হয়েছে," **গভর্নর কুওমো বলেন।** "যখন আমরা নিষেধাজ্ঞা তুলে নেওয়া এবং আমাদের পুনর্কল্পিত স্বাভাবিক অবস্থা পুনরায় শুরু করার উদযাপন করছি, তখন আমরা নিউ ইয়র্ক স্টেটের অপরিহার্য কর্মীদের কঠোর পরিশ্রমের কথাও চিন্তা করছি এবং আমরা যাদের হারিয়েছি তাদের স্মরণ করছি। নিউ ইয়র্কবাসীরা সব সময় কঠোর ছিলেন, কিন্তু এই গত বছর প্রমাণ করেছে যে তারা প্রকৃতই কতটা কঠোর। আপনাদের কঠোর পরিশ্রম যা অর্জন করেছে তার জন্য আপনাদের, নিউ ইয়র্কবাসীদের, অভিনন্দন জানাই।"

এই COVID মাইলফলকে পৌঁছানোর সম্মানে আজ রাতে, 15 জুন, নিম্নলিখিত ল্যান্ডমার্কগুলি নীল এবং সোনালি আলায় আলোকিত করা হবে:

- এম্পায়ার স্টেট বিল্ডিং
- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (SUNY) ভবন

- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট এবং এক্সপো সেন্টার
- ন্যায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
- অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- MTA LIRR - পেন স্টেশনে ইস্ট এন্ড গেটওয়ে

আজ, 15 জুন, রাত 9:15 মিনিটে শুরু হয়ে রাজ্য জুড়ে নিম্নলিখিত স্থানগুলিতে আতশবাজি অনুষ্ঠিত হবে:

Albany

Empire State Plaza
Albany, NY 12228

Binghamton

Binghamton University M Lot
[4400 Vestal Parkway E](#)
[Vestal, NY 13850](#)

Jones Beach

Jones Beach State Park
1 Ocean Parkway
Wantagh, NY 11793

Lake Placid

Lake Placid Club
[Lake Placid, NY 12946](#)

New York City

New York Harbor

Niagara Falls

Niagara Falls State Park
[Goat Island Road](#)

[Niagara Falls, NY 14303](#)

Nyack

Memorial Park

[4 Depew Ave.](#)

[Nyack, NY 10960](#)

Rochester

Rochester Dome Arena

[2695 E. Henrietta Rd](#)

[Henrietta, NY 14467](#)

Syracuse

NYS Fairgrounds

[581 State Fair Blvd](#)

[Syracuse NY 13209](#)

Utica

Downtown Utica

100 Whitesboro Street

Utica, NY 13502

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)